গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নবাবগঞ্জ, দিনাজপুর।
nawabganj.dinajpur.gov.bd

"ঐতিহাসিক ৭ই মার্চ দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:

সভাপতি: এম এম আশিক রেজা
উপজেলা নির্বাহী অফিসার
নবাবগঞ্জ, দিনাজপুর।
তারিখ: ০৫/০৩/২০২৩
সময়: সকাল ১১.০০ ঘটিকা
স্থান: উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, নবাবগঞ্জ, দিনাজপুর।

উপস্থিত সদস্যগনের নামের তালিকা পরিশিষ্ট "ক"তে সন্নিবেশিত করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। শুরুতেই সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। ঐতিহাসিক ৭ই মার্চ বাঙালি জাতির জীবনে একটি অবিস্মরণীয় দিন। দিবসটি যথাযথভাবে উদযাপন উপলক্ষে জেলা প্রশাসক, দিনাজপুর মহোদয়ের কার্যালয় হতে ২৮ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের ০৫.৫৫.২৭০০.০০৬.১৩.০১৮.২০২৩-১৯১ (১৫০) নং স্মারকে প্রাপ্ত জাতীয় কর্মসূচি পাঠ করে শোনানো হয় এবং কেন্দ্রীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে উপজেলা পর্যায়ে দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে সকলের মতামত আহবান করা হয়।

বিস্তারিত আলোচনা শেষে দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে নিম্নলিখিত কর্মসূচি ও সিধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

| তারিখ ও সময় | কর্মসুচি | স্থান | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০৭ মার্চ ২০২৩ সূর্যোদয়ের সাথে সাথে | সকল সরকারি, আধা সরকারি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা উত্তোলন। | - | স্ব স্ব কর্তৃপক্ষ/ভবন মালিকগণ। |
| ০৭ মার্চ ২০২৩ সকাল ৯.০০ ঘটিকা | জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ। | উপজেলা পরিষদ প্রাঙ্গন | স্ব স্ব কর্তৃপক্ষ |
| ০৬ মার্চ, ২০২৩ (সুবিধামত সময়ে) | যথাযথ স্বাস্থ্য বিধি মেনে ঐতিহাসিক ০৭ মার্চ দিবস উদযাপন উপলক্ষে বঙ্গবন্ধুর ভাষণ, আবৃত্তি, চিত্রাংকন সংগীত ও নৃত্য প্রতিযোগিতার আয়োজন। | নবাবগঞ্জ সরকারি বহমুখী পাইলট উচ্চ বিদ্যালয় ও নবাবগঞ্জ মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়/উপজেলা পরিষদ সানরাইজ বিদ্যানিকেতন | ১। উপজেলা শিক্ষা অফিসার।<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। |
| ০৭ মার্চ ২০২৩ সকাল ০৯.৩০ ঘটিকা | আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণ। | উপজেলা পরিষদ অডিটোরিয়াম | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ০৭ মার্চ ২০২৩ | ঐতিহাসিক ৭ই মার্চ দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে সকল স্কুল, কলেজ, মাদ্রাসায় চিত্রাংকন প্রতিযোগিতা, বঙ্গবন্ধুর ভাষণ প্রতিযোগিতা, ছড়া পাঠ, কবিতা পাঠ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন | স্ব-স্ব প্রতিষ্ঠান | ১। উপজেলা শিক্ষা অফিসার।<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>৩। সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান। |
| ০১-০৭ মার্চ ২০২৩ সুবিধামত সময়ে | ঐতিহাসিক ৭ই মার্চ দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে সকল অনুষ্ঠানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ভাষণ প্রচার। | - | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ০৬ মার্চ ২০২৩ হতে ০৭ মার্চ ২০২৩ সুবিধামত সময়ে | ঐতিহাসিক ৭ই মার্চ দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে স্কুল পযার্য়ে অসমাপ্ত আত্মজীবনী বইয়ের উপর কুইজ, রচনা ও উপস্থিত বক্তৃতার আয়োজন এবং কলেজ পর্যায়ে কারাগারের রোজনামচা, আমার দেখা নায়া চীন এবং Secret Documents of Intelligence Branch on Father of the Nation Bangladesh Bangabandhu Sheikh | স্ব-স্ব প্রতিষ্ঠান | ১। উপজেলা শিক্ষা অফিসার।<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার।<br>৩। সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান। |

| | | | |
|---|---|---|---|
| | Mujibur Rahman 1984-1971 Declassified Documents বইয়ের উপর কুইজ, রচনা, এবং উপস্থিত বক্তৃতার আয়োজন | | |
| ০৬ মার্চ, ২০২৩ থেকে ০৭মার্চ ২০২৩ | ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণটির চর্চা, গুরুত্ব ও সচেতনতা সর্বস্তরের জনসাধারণের মাঝে সঞ্চারণের লক্ষ্যে অন্যান্য কর্মসূচির পাশাপাশি উপজেলার সকল গুরুত্বপূর্ণ সড়কদ্বীপসমূহে ব্যানার/ফেস্টুন দ্বারা যথাযথভাবে সজ্জিতকরণসহ যথাযোগ্য ব্র্যান্ডিংকরণ | স্ব-স্ব ভবন/স্থাপনা | স্ব-স্ব কর্তৃপক্ষ/ভবন মালিকগণ |

বিবিধ:

সিদ্ধান্ত-১: ঐতিহাসিক ৭ই মার্চ দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে নবাবগঞ্জ উপজেলা পরিষদ চত্বরে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণসহ সকল কর্মসূচিতে সার্বিক নিরাপত্তা প্রদানের জন্য অফিসার ইন-চার্জ নবাবগঞ্জ থানা, নবাবগঞ্জ, দিনাজপুরকে অনুরোধ করা হয়।

সিদ্ধান্ত-২: ঐতিহাসিক ৭ই মার্চ দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি-২, নবাবগঞ্জ, দিনাজপুরকে অনুরোধ করা হয়।

সিদ্ধান্ত-৩: ঐতিহাসিক ৭ই মার্চ দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে বিশেষ ক্রোড়পত্র প্রকাশের জন্য স্ব-স্ব পত্রিকা কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়।

সিদ্ধান্ত-৪: ঐতিহাসিক ৭ই মার্চ দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে গৃহীত কর্মসূচি ওয়েবসাইটে প্রচার করার জন্য সহকারী প্রোগ্রামার, নবাবগঞ্জ, দিনাজপুরকে অনুরোধ করা হয়।

সিদ্ধান্ত-৫: ঐতিহাসিক ৭ই মার্চ দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন সকল ইউনিয়ন পরিষদসমূহে দিবসটি উপজেলার ন্যায় যথাযোগ্য মর্যাদায় পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-৬: ঐতিহাসিক ৭ই মার্চ দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে অনুষ্ঠান স্থলে সার্বক্ষণিক মেডিকেল টিম প্রস্তুত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, নবাবগঞ্জ, দিনাজপুরকে অনুরোধ করা হয়।

সিদ্ধান্ত-৭: ঐতিহাসিক ৭ই মার্চ দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে উপজেলা পরিষদ চত্বরে পানি ছিটানোর এবং দুর্ঘটনা রোধে প্রয়োজনীয় প্রস্তুতি রাখার জন্য উপজেলা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, নবাবগঞ্জ, দিনাজপুরকে অনুরোধ করা হয়।

সিদ্ধান্ত-৮: ঐতিহাসিক ৭ই মার্চ দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে উপজেলা পর্যায়ে যুব সমাজকে সম্পৃক্ত করে ঐতিহাসিক ৭ই মার্চ দিবস ২০২৩ উদযাপনের জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, নবাবগঞ্জ, দিনাজপুরকে অনুরোধ করা হয়।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় ঐতিহাসিক ৭ই মার্চ দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

এম এম আশিক রেজা
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ঐতিহাসিক ৭ই মার্চ দিবস ২০২৩ উদযাপন কমিটি
নবাবগঞ্জ, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নবাবগঞ্জ, দিনাজপুর।
nawabganj.dinajpur.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.২৭৬৯.০০০.০০.০০০.০৩১.২৩- ১২৮ (১০০) তারিখঃ ০৫মার্চ ২০২৩

বিতরণ সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১। মাননীয় সংসদ সদস্য-১১, দিনাজপুর-৬।
২। জেলা প্রশাসক, দিনাজপুর।
৩। উপপরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবাবগঞ্জ, দিনাজপুর।
৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবাবগঞ্জ, দিনাজপুর।
৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবাবগঞ্জ, দিনাজপুর।
৭। সহকারী কমিশনার (ভূমি), নবাবগঞ্জ, দিনাজপুর।
৮। উপজেলা ..........................................................................কর্মকর্তা, নবাবগঞ্জ, দিনাজপুর।
৯। অফিসার ইন-চার্জ, নবাবগঞ্জ থানা, দিনাজপুর।
১০। চেয়ারম্যান, (সকল) ইউনিয়ন পরিষদ, নবাবগঞ্জ, দিনাজপুর।
১০।অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার.......................................................কলেজ/মাদ্রাসা/উচ্চ বিদ্যালয় (সকল), নবাবগঞ্জ, দিনাজপুর।
১১। সভাপতি/সম্পাদক.............................................................. নবাবগঞ্জ, দিনাজপুর।
১২। জনাব .......................................................................... নবাবগঞ্জ, দিনাজপুর।
১৩। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
নবাবগঞ্জ, দিনাজপুর।